

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
নৈতিকতা কমিটির ২০১৮-১৯ সালের ১ম সভার কার্যবিবরণী।

তারিখ: ১২/০৭/২০১৮

সময়: সকাল ১১.০০ ঘটিকা

স্থান: শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট ড. মোঃ নুরুল আমিন, পরিচালক (পল্লী প্রশাসন ও জেডার) এর অফিস কক্ষ

ড. মোঃ নুরুল আমিন, পরিচালক (পল্লী প্রশাসন ও জেডার) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নে উল্লেখিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদবী	দায়িত্ব
১.	ড. মোঃ নুরুল আমিন	পরিচালক (পল্লী প্রশাসন ও জেডার)	ফোকাল পয়েন্ট
২.	জনাব মোঃ খালিদ আওরঙ্গজেব	উপ-পরিচালক (প্রশাসন)	সদস্য
৩.	জনাব মারুফ আহমেদ	সহকারী পরিচালক(পল্লী প্রশাসন ও জেডার)	„
৪.	জনাব রফিকুল ইসলাম	প্রশাসনিক কর্মকর্তা	„

আলোচনা ও সিদ্ধান্তঃ

১. নৈতিকতা কমিটি পূর্ণগঠনঃ

সভায় আলোচনা করা হয় যে, এবছর শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম অনেক বৃদ্ধি পেয়েছে। সব কাজ সঠিক ভাবে বাস্তবায়ন করার জন্য নৈতিকতা কমিটিতে নিম্নের ২ জন সদস্যকে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি পূর্ণগঠন করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

১.	জনাব মারুফ আহমেদ	সহকারী পরিচালক(পল্লী প্রশাসন ও জেডার)	সদস্য
২.	জনাব রফিকুল ইসলাম	প্রশাসনিক কর্মকর্তা	„

২. শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার আইন ইত্যাদিসহ ওয়েবসাইট হাল নাগাদকরণঃ

এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয় যে, এখন থেকে একাডেমীর ওয়েবসাইটে শুদ্ধাচার, তথ্য অধিকার আইন, অভিযোগ নিষ্পত্তি ইত্যাদি বিষয় সংক্রান্ত সকল তথ্য নিয়মিত হাল নাগাদ করা হবে। এজন্য একাডেমীর আই টি বিষয়ক অনুষদ সদস্যদের সহযোগিতা নেয়ার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

৩. শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক নীতিমালা ও ম্যানুয়াল প্রণয়নঃ

অত্র একাডেমীতে শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক নীতিমালা ও ম্যানুয়াল প্রণয়ন করার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হয়ঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদবী	দায়িত্ব
১.	ড. মোঃ নুরুল আমিন	পরিচালক (পল্লী প্রশাসন ও জেডার)	আহবায়ক
২.	জনাব মোঃ খালিদ আওরঙ্গজেব	উপ-পরিচালক (প্রশাসন)	সদস্য
৩.	জনাব মারুফ আহমেদ	সহকারী পরিচালক(পল্লী প্রশাসন ও জেডার)	„
৪.	জনাব রফিকুল ইসলাম	প্রশাসনিক কর্মকর্তা	„

৪. দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোলফ্রি) আরডিএ ওয়েব সাইট সংযুক্তকরণ ও তা কর্মকর্তা/কর্মচারীদেরকে অবহিতকরণঃ

দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোলফ্রি) অতি দ্রুত আরডিএ ওয়েব সাইট সংযুক্ত করে তা একাডেমীর কর্মকর্তা/কর্মচারীদেরকে অবহিতকরণের জন্য জনাব মারুফ আহমেদ, সহকারী পরিচালক(পল্লী প্রশাসন ও জেডার) কে দায়িত্ব দেয়া হয়।

৫. ই-গভর্নেন্স বাস্তবায়নঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও নিস্করূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

- ৫.১ একাডেমীর বিভিন্ন সুবিধাভোগীদের সাথে ভিডিও/অনলাইন কনফারেন্স (স্কাইপি/ভাইবার/ম্যাসেঞ্জার ব্যবহারসহ) এর যোগাযোগ বৃদ্ধি করা হবে।
- ৫.২ যাবতীয় দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার করা হচ্ছে।
- ৫.৩ ই-টেন্ডার এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন করা হচ্ছে।
- ৫.৪ আরডিএ'র একটি Verified Facebook page থাকবে। এই page এর Admin হবে কম্পিউটার শাখার প্রধান জনাব জয়ন্ত কুমার রায়, সহকারী পরিচালক।

৬. উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণঃ

বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-১৯ অতি দ্রুত প্রনয়নের জন্য একাডেমীর ইনোভিশন টিমকে অনুরোধ করা হবে।

৭. PPR - ২০০৮ অনুযায়ী ক্রয় পরিকল্পনা ২০১৮-১৯ প্রনয়নঃ

PPR - ২০০৮ অনুযায়ী ক্রয় পরিকল্পনা ২০১৮-১৯ প্রনয়নের জন্য সংশ্লিষ্ট শাখা প্রধান /প্রকল্প পরিচালকদেরকে অনুরোধ করে চিঠি দেওয়া হবে।

৮. শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের আয়োজনঃ


সভায় জানানো হয় যে, একাডেমীতে সঠিক ভাবে শুদ্ধাচার বাস্তবায়ন করার লক্ষ্যে এবছর একাডেমীর কর্মকর্তা/কর্মচারীদের জন্য মোট ৪ টি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং মোট ১০০ জন কর্মকর্তা/কর্মচারী অংশগ্রহণ করবেন।

৯. অর্থ বরাদ্দঃ

শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ কোর্সের আয়োজন, অবহিতকরণ সভা অনুষ্ঠান, পুরস্কার প্রদান ও অন্যান্য কাজের ব্যয় নির্বাহের জন্য একটি বাজেট তৈরী করা হয়। এতে মোট ব্যয় ধরা হয়েছে ৫.০০ লক্ষ টাকা।

ক্রমিক নং	ব্যয়ের খাত	টাকার পরিমাণ
১.	শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ	৩,০০,০০০.০০
২.	পুরস্কার/প্রণোদনা প্রদান	১,০০,০০০.০০
৩.	অবহিতকরণ সভা অনুষ্ঠান	৫০,০০০.০০
৪.	বিবিধ	৫০,০০০.০০
	মোট=	৫,০০,০০০.০০

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মোঃ নুরুল আমিন)
শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট